# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশি ণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENG.
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com

স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.৯৯২;

তারিখঃ ০৮/১২/২০২২ খ্রিঃ।

**বিগত ০৭/১২/২২ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর সম্মেলনকক্ষে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রতি (Citizen Charter)" বিষয়ক ২য় অবহিতকরণ সভা ২০২২-২৩ এর কার্যবিবরনী।**

বিগত ০৭/১২/২২ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর সম্মেলনকক্ষে স্টেকহোল্ডারদের অংশগ্রহণে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রতি (Citizen Charter)" বিষয়ক ২য় অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাপাউবো প্রশিক্ষণ ইনিস্টিটিউট, ভাগ্যকুল, মুন্সীগঞ্জ এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাফিউল হুদা খান এবং সভাপতি ছিলেন জনাব মোঃ মঈনুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশাসন), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। স্টেকহোল্ডার হিসেবে বাপাউবো'র বিভিন্ন দপ্তরে কর্মরত সার্ভেয়ার (প্রকৌশল) গণ ও বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, মুন্সীগঞ্জ এর অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এতে অংশগ্রহণ করেন। সভার উপস্থিতি তালিকা **সংযুক্তি-০১**। সভার শুরুতে সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর বিষয়ে আলোচনা করেন। অতঃপর বিশেষ অতিথি জনাব মোঃ সাফিউল হুদা খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে উপস্থিত বাপাউবো'র বিভিন্ন দপ্তরে কর্মরত সার্ভেয়ার (প্রকৌশল) গণ এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীদের অবহিত করেন। অতঃপর সভার প্রধান অতিথি বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) মহোদয় উপস্থিত বাপাউবো'র বিভিন্ন দপ্তরে কর্মরত সার্ভেয়ার (প্রকৌশল)-দের নিজ নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**গৃহীত সিদ্ধান্তসমূহঃ**

১। প্রত্যেকে নিজ নিজ কর্মক্ষেত্রের মনোনীত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সেবা প্রদান সংক্রান্ত কার্যক্রমে সহায়তা প্রদান করবেন।

২। মাঠ পর্যায়ে প্রত্যেকটি দপ্তরে নাগরিক সনদ(Citizen Charter) চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৩। সকল দপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের উপর প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৮/১২/২২

**(মোঃ ওয়াহিদ হোসেন)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা ও বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ।
৩. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে ***সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সের "ত্রৈমাসিক/বার্ষিক/মূল্যায়ন/প্রতিবেদন" ট্যাবে*** আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)
৫. ব্যক্তিগত সহকারী ,অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৬. অফিস কপি/মাষ্টার কপি।

০৮/১২/২২

**(মোঃ ওয়াহিদ হোসেন)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে ২০২২-২৩ অর্থ বছরের বাপাউবো'র "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)"**

**বিষয়ক ২য় অবহিতকরন সভা**

**তারিখঃ ৭ ডিসেম্বর, ২০২২ ইং।**

**স্থানঃ বাপাউবো প্রশিক্ষণ ইনস্টিটিউট, বাপাউবো, ভাগ্যকূল, মুন্সীগঞ্জ।**

**হাজিরা বিবরনী**

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| তৌহিদ হোসেন সার্ভেয়ার (প্রকৌশল) | রাজবাড়ী পওর বিভাগ, পাংশা পওর-উপ-বিভাগ রাজবাড়ী | [signature] 07-12-22 |
| মো: মাহবুব হোসাইন সার্ভেয়ার (প্রকৌশল) | সন্দ্বীপ, পওর উপ-বিভাগ, চট্টগ্রাম পওর বিভাগ-২ | মাহবুব হোসাইন 07-12-22 |
| [illegible] হোসেন (সার্ভেয়ার প্রকৌশল) | মাগুরা পওর উপ-বিভাগ বাপাউবো, মাগুরা। | [signature] 07-12-22 |
| মো: মোস্তফা কামাল সার্ভেয়ার (প্রকৌশল) | ফেনী পওর উপ-বিভাগ-১ বাপাউবো, ফেনী | [signature] 07.12.22. |
| তাপস চন্দ্র পাল সার্ভেয়ার (প্রকৌশল) | কুমিল্লা পানি বিজ্ঞান [illegible] বাপাউবো কুমিল্লা | [signature] 07.12.22 |
| জাবেদুল ইসলাম (সার্ভেয়ার প্রকৌশল) | খুলনা পওর বিভাগ-১ পাইকগাছা পওর উপবিভাগ | Jabed 07.12.2022 |
| মোঃ ইয়াসিন আলী (সার্ভেয়ার প্রকৌশল) | আলমডাঙ্গা পওর উপ-বিভাগ বাপাউবো, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা | Yeasin Ali 07.12.2022 |
| মোঃ রোকনউজ্জামান সার্ভেয়ার (প্রকৌশল) | ঢাকা মরফোলজি বিভাগ, বাপাউবো, ঢাকা। | Zaman 07.12.2022 |
| মো: শাকিল মোল্লা সার্ভেয়ার (প্রকৌশল) | মানিকগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, মানিকগঞ্জ | [signature] 07.12.2022 |
| মো: আল জুবায়ের হোসেন সার্ভেয়ার (প্রকৌশল) | জামালপুর পানি উন্নয়ন উপ বিভাগ, বাপাউবো, জামালপুর | Jubair 07.12.2022 |
| মোঃ জয়নাল আবেদীন সার্ভেয়ার (প্রকৌশল) | খুলনা পওর বিভাগ-১ বাপাউবো, খুলনা | [signature] 07.12.22 |
| মোঃ নজরুল ইসলাম সার্ভেয়ার প্রকৌশল | উত্তর পূর্বাঞ্চলীয় [illegible] বিভাগ ঢাকা। | [signature] 07.12.22 |
| মোঃ কামাল হোসেন সার্ভেয়ার (প্রকৌশল) | শরীয়তপুর পওর বিভাগ ডামুড্যা পওর উপ-বিভাগ বাপাউবো শরীয়তপুর | Kamal |
| মো: রুবেল মিয়া সার্ভেয়ার (প্রকৌশল) | সাতক্ষীরা পওর উপ-বিভাগ-২ বাপাউবো, সাতক্ষীরা। | Rubel |
| মো: রাসেল সার্ভেয়ার (প্রকৌশল) | ঢাকা পওর বিভাগ-২ বাপাউবো, ঢাকা | Rasel 07.12.22 |
| মো: দুলাল হোসেন সার্ভেয়ার (প্রকৌশল) | ঢাকা মরফোলজি বিভাগ বাপাউবো, ঢাকা | Dulal 07.12.22 |
| মারজিন আক্তার | বেগমগঞ্জ পওর উপ-বিভাগ, বাপাউবো, নোয়াখালী। | [signature] 07.12.22 |

(চলমান)

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মারীফা আক্তার<br>সার্ভেয়ার (প্রকৌশল) | মানিকগঞ্জ পানি বিজ্ঞান শাখা, বাপাউবো, মানিকগঞ্জ | মারিফা<br>09.12.22 |
| মোছাঃ মনিরা পারভীন<br>সার্ভেয়ার (প্রকৌশল | উল্লাপাড়া পওর উপবিভাগ, বাপাউবো সিরাজগঞ্জ | মনিরা<br>09.12.2022 |
| মোঃ সাইদুল ইসলাম<br>সহঃ পরিচালক (বাঃ) | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা | [signature] 9/12/22 |
| মো: মোতাহার হোসেন<br>উপ বিভাগীয় প্রকৌশলী | বাপাউবো প্রঃ শিঃ ইন. | [signature]<br>9/12/22 |
| মো: সাইফুল হক খান<br>উ: প্র: | বাপাউবো, প্রশিক্ষণ ইন: ফরিদপুর, | [signature]<br>9/12/22 |
| মো: ওয়াহিদ-হোসেন<br>উপ: প্রধান প্রকৌ: (চ:দা) | প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো | [signature] 9/12/22 |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

# সভা চলাকালীন কিছু মূহুর্ত












